

# আর্থিক সাক্ষরতা



## মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিসেস

### মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিসেস (এমএফএস অ্যাকাউন্ট) হিসাব কী?

রেজিস্টার্ড মোবাইল নম্বরের বিপরীতে অর্থ লেনদেনের জন্য যে হিসাব খোলা হয় সেটিই এমএফএস হিসাব। এ ধরনের হিসাবে গ্রাহকের টাকা ইলেকট্রনিক উপায়ে জমা থাকে। এই সেবার মাধ্যমে নিজের এমএফএস হিসাব এ নগদ টাকা জমা ও উত্তোলন, অর্থ প্রেরণ, ইউটিলিটি বিল পরিশোধ, পণ্য-সেবার মূল্য পরিশোধ ইত্যাদি করা যায়।

### এমএফএস অ্যাকাউন্ট খোলার জন্য কী কী কাগজপত্র দরকার হয়?

এমএফএস হিসাব খোলার জন্য যে কোনো অপারেটরের একটি সক্রিয় ও রেজিস্টার্ড সিম, জাতীয় পরিচয়পত্রের ফটোকপি ও গ্রাহকের সদ্য তোলা পাসপোর্ট সাইজের ছবি দরকার।

তবে ইলেকট্রনিক উপায়ে মোবাইল অ্যাপ ব্যবহার করেও এ হিসাব খোলা যায়। সেক্ষেত্রে ক্যামেরায়ুক্ত মোবাইল সেট ব্যবহার করে গ্রাহকের ছবি তুলে এবং জাতীয় পরিচয়পত্রের ছবি তুলে আপলোড করে তাৎক্ষণিকভাবে এ হিসাব খোলা যায়।

### এমএফএস অ্যাকাউন্ট কিভাবে খোলা যায়?

- MFS সেবাদানকারীর প্রতিনিধানের নির্ধারিত এজেন্ট এর কাছে প্রয়োজনীয় কাগজপত্র ও ছবি নিয়ে;
- নিজে স্মার্টফোন ব্যবহার করে।

## একজন ব্যক্তি কী একাধিক এমএফএস অ্যাকাউন্ট খুলতে পারেন?

- একজন ব্যক্তি প্রতিটি MFS সেবাদানকারীর সাথে একটি করে MFS অ্যাকাউন্ট খুলতে পারেন।
- তবে একই ব্যক্তি একই সেবাদানকারী প্রতিষ্ঠানে একাধিক MFS অ্যাকাউন্ট খুলতে পারবেন না।

## কারা এই সেবা পেতে পারেন?

দেশের যে কোনো প্রাপ্তবয়স্ক (১৮ বছর বা তার চাইতে বেশি বয়সের) নাগরিক MFS সেবাদানকারী ব্যাংক বা তাদের এজেন্টদের মাধ্যমে MFS অ্যাকাউন্ট খুলে এই সেবা পেতে পারেন।

## এমএফএস অ্যাকাউন্টে লেনদেনের জন্য কি স্মার্টফোন দরকার হয়?

মোবাইল ব্যাংকিং অ্যাকাউন্ট খোলা বা লেনদেনের জন্য স্মার্টফোন ব্যবহারের আবশ্যিকতা নেই। সাধারণ মোবাইল (ফিচার) ফোনেও এই সেবা পাওয়া যায়।

## এমএফএস এর মাধ্যমে কী কী সেবা পাওয়া যায়?

- ক্যাশ-ইন (টাকা জমা);
- ক্যাশ-আউট (টাকা উত্তোলন);
- এক ব্যক্তি হিসাব হতে অপর ব্যক্তি হিসাবে অর্থ প্রেরণ (পিটুপি);
- ব্যক্তি হতে ব্যবসায় অর্থ প্রেরণ (পিটুবি);
- ব্যবসা হতে ব্যক্তিতে অর্থ প্রেরণ (বিটুপি);
- সরকার হতে ব্যক্তিকে অর্থ প্রদান (জিটুপি);
- ব্যক্তি হতে সরকারকে অর্থ প্রেরণ (পিটুজি);
- মার্চেন্ট পেমেন্ট;
- বিল (বিদ্যুৎ, গ্যাস, পানি ইত্যাদি) প্রদান;
- স্কুল ফি পরিশোধ;
- বৃত্তি/উপবৃত্তি বা ভাতার টাকা গ্রহণ;
- ব্যবসা হতে ব্যবসায় অর্থ প্রেরণ (বিটুবি);
- অনলাইন এবং ই-কমার্স পেমেন্ট;
- ব্যাংক হিসাবে অর্থ প্রেরণ বা ব্যাংক হিসাব হতে অর্থ গ্রহণ;
- বিদেশ হতে প্রেরিত অর্থ (রেমিট্যান্স) গ্রহণ;
- ঋণের অর্থ গ্রহণ ও ঋণ পরিশোধ;
- ইন্স্যুরেন্স এর প্রিমিয়াম পরিশোধ;
- ক্রেডিট কার্ড এর বিল পরিশোধ;
- বিক্রেতা/সরবরাহকারীর অর্থ প্রদান ইত্যাদি সেবা প্রদানের জন্য অনুমোদনপ্রাপ্ত।